# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, বরিশাল বোর্ড -২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ দৃশ্যকল্প-১: নুরুল সাহেবের দুই মেয়ে মীরা ও হীরা। মৃত্যুর পূর্বে তিনি তার বিশাল ব্যবসা-প্রতিষ্ঠানটির দায়িত্ব ছোট মেয়ে হীরার অপ্রাপ্তবয়স্ক ছেলে মনিরকে দিয়ে যান।বড় মেয়ে মীরা ও তার ছেলে প্রতিষ্ঠানের কর্মচারিদের সাথে যুক্ত হয়ে মনিরের ক্ষতি করতে চেষ্টা করে।

দৃশ্যকল্প-২: 'ক' নামক বিদেশী ব্যবসায়ী প্রতিষ্ঠানটি 'খ' অঞ্চলে দীর্ঘ সময় শাসন ও ব্যবসা করে। তারা সুন্দর অফিস ভবন তৈরি করে উক্ত অঞ্চলে বিভিন্ন ধরনের কর আরোপ করে।

ক. ঔপনিবেশিক শাসন কী? ১

খ. ওয়েস্টফালিয়ার চুক্তি কেন করা হয়েছিল? ২

গ. দৃশ্যকল্প-১ নবাব সিরাজউদ্দৌলার পতনের কোন কারণকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "দৃশ্যকল্প-২ এর 'ক' প্রতিষ্ঠানটি শাসনের নামে জনগণকে শোষণ করেছিল"— পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

২.▶ দুই বন্ধুর কথোপকথন:

রনি: মুন্না তুমি কী কর?

মুন্না: আমার গ্রামে একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করে তা পরিচালনা করছি। এতে গ্রামের ছেলে-মেয়েরা শিক্ষিত হয়ে বিদেশে কাজ করছে। রনি তুমি কী করছ?

রনি: আমি মালয়েশিয়ার একটি কোম্পানিতে চাকরি করছি। আমার পাঠানো অর্থ দিয়ে ছোট ভাই-বোনেরা প্রতিষ্ঠিত হচ্ছে।

ক. GNP-র পূর্ণরূপ লিখ। ১

খ. মাথাপিছু আয় কী? ব্যাখ্যা করো। ২

গ. মুন্নার বক্তব্য মানব সম্পদ উন্নয়নের কোন্ সূচকটি নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে রনির পাঠানো অর্থের গুরুত্ব পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩. ★







ক. অর্থনৈতিক কাজ কাকে বলে? ১
খ. জীববৈচিত্র্য বলতে কী বোঝায়? ২
গ. 'A' শিল্পটির বর্ণনা দাও। ৩
ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে 'A' ও 'B' শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

৪. ★ লুনা বাবার সাথে ঢাকার কয়েকটি স্থান দেখতে যায়। প্রথমে সে বুড়িগঙ্গা নদীর তীরের একটি ভবন পরিদর্শন করে মুগ্ধ হয়। সেখানে পূর্বের শাসকদের ব্যবহৃত খাট-পালঙ্ক, সোফা দেখতে পায়। এরপর তারা সদরঘাট এলাকার একটি পার্কে যায়। পার্কটির সম্পর্কে বাবা বললেন, "এই পার্কটি ১৮৫৭ সালের ঐতিহাসিক লোমহর্ষক ঘটনার সাক্ষী"।

ক. অফিস বাড়ি হিসেবে তৈরি ঢাকার সবচেয়ে সুন্দরতম ভবন কোনটি? ১
খ. জাদুঘর কী? ব্যাখ্যা করো। ২
গ. লুনার প্রথম দেখা স্থানের প্রত্নিদর্শন বর্ণনা করো। ৩
ঘ. লুনার বাবার বক্তব্যটি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫. ▶

| সংস্থা | সদর দপ্তর | সদস্য |
|---|---|---|
| A | নিউইয়র্ক | ১৮৯টি |
| B | রোম | ১৮৭টি |

ক. UNDP এর পূর্ণরূপ কী? ১

Teachingbd24.com

খ. UNFPA এর প্রধান লক্ষ্যটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'A' সংস্থার কাজ বর্ণনা করো। ৩
ঘ. তুমি কি মনে কর 'B' সংস্থাটি কৃষি কাজের ক্ষেত্রে 'A' সংস্থা থেকে অধিকতর কার্যকরী ভূমিকা পালন করে? যুক্তিসহ উত্তর দাও। ৪

৬. ▶




ক. সাঁওতাল সমাজের মূল ভিত্তি কী? ১
খ. সাংগ্রাই উৎসব কী? ব্যাখ্যা করো। ২
গ. মানচিত্রে 'A' চিহ্নিত স্থানে বসবাসকারী প্রধান ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক জীবন বর্ণনা করো। ৩
ঘ. 'C' চিহ্নিত স্থানের নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবনের সাথে 'B' স্থানের নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবনের পার্থক্য রয়েছে"— মতামত দাও। ৪

৭. ▶

| উদ্যোগ | কার্যক্রম |
|---|---|
| A | পোস্টার, চার্ট, নিউজলেটার বিতরণ |
| B | বিনামূল্যে বই বিতরণ, উপবৃত্তি প্রদান |

ক. বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে? ১
খ. জনসংখ্যানীতি কী? ব্যাখ্যা করো। ২
গ. 'B' উদ্যোগটি বাংলাদেশের জনসংখ্যা নিয়ন্ত্রণের কোন উদ্যোগ? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর 'A' উদ্যোগটির উক্ত কার্যক্রমই জনসংখ্যা নিয়ন্ত্রণের একমাত্র উদ্যোগ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮. ▶ তথ্য-১: জনাব 'A' গত জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করে জয়লাভ করেন। তিনি বাজেট প্রণয়নে সহায়তা করেন।

Teachingbd24.com

তথ্য-২: জনাব 'B' রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে সংবিধান ও আইন অনুযায়ী অপরাধীদের শাস্তি প্রদান করেন।

ক. গ্রেট ব্রিটেনের অতীত ঐতিহ্য ধরে রাখা শাসনব্যবস্থার নাম কী? ১

খ. সমাজতন্ত্রের মূল লক্ষ্য ব্যাখ্যা করো। ২

গ. তথ্য-১ সরকারের কোন অঙ্গকে নির্দেশ করছে? তার গঠন বর্ণনা করো। ৩

ঘ. তথ্য-২ এ নির্দেশিত অঙ্গটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৯.▶ ময়না একটি চলচ্চিত্রে দেখতে পায় রবি নামের ছেলেটি স্কুল ফাঁকি দিয়ে মহল্লার ছেলেদের সাথে রাস্তার মোড়ে আড্ডা দিচ্ছে। এতে মেয়েরা নির্ভয়ে বিদ্যালয়ে যেতে পারছে না। আরিফ নামের ছেলেটি বন্ধুদের প্ররোচনায় ও কৌতূহলের বশে নেশায় আসক্ত হয়ে পড়ে। নিরাময় কেন্দ্রের চিকিৎসা শেষে আরিফ সুস্থ হয়ে নিয়মিত বিদ্যালয়ে যাওয়া শুরু করে।

ক. থাইল্যান্ডে কিশোর অপরাধীর বয়সসীমা কত? ১

খ. অপসংস্কৃতি বলতে কী বোঝায়? ২

গ. চলচ্চিত্রে রবি কোন ধরনের সামাজিক সমস্যায় আক্রান্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. "আরিফের জন্য প্রতিকারমূলক ব্যবস্থার চেয়ে প্রতিরোধই অধিক কার্যকর ছিল"— বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

১০. ★ প্রাক্তন শিক্ষার্থী রাজুকে মুক্তিযোদ্ধা হিসেবে বিদ্যালয় কর্তৃপক্ষ সংবর্ধনা জানায়। সভায় রাজু বলেন, "১৯৭১ সালে আমি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলাম। বন্ধুদের সাথে প্রতিবেশি একটি দেশ থেকে অস্ত্র চালানো শিখে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করি। দেশটি আমাদের নানাভাবে সহায়তা করেছিল বলেই আমাদের বিজয় ত্বরান্বিত হয়"।

ক. মুক্তিযুদ্ধের সময় ঢাকার গেরিলা দল কী নামে পরিচিত ছিল? ১

খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ২

গ. রাজু মুক্তিযুদ্ধে কোন বাহিনীর হয়ে যুদ্ধ করেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির মুক্তিযুদ্ধে ভূমিকা মূল্যায়ন করো। ৪

১১.▶ অনাবৃষ্টি⟶মাটিবাহিত প্রবল পানির স্রোত⟶ব্যাপক প্রাণহানি = 'ক' দুর্যোগ। প্রচণ্ড ঝাঁকুনি⟶বাড়িঘর কেঁপে ওঠা⟶ব্যাপক হতাহত ও ক্ষয়ক্ষতি = 'খ' দুর্যোগ।

ক. গ্রিন হাউস গ্যাসকে কী বলে? ১

খ. মানবসৃষ্ট দুর্যোগ কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'ক' দুর্যোগটি ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর পূর্বপ্রস্তুতি থাকলে 'খ' দুর্যোগের ক্ষয়ক্ষতি ও প্রাণহানি কমানো সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ বার্নিয়ের কোন দেশের পর্যটক ছিলেন?
ⓚ ব্রিটেন ⓚ ফরাসি
ⓖ মালয়েশিয়া ⓖ ইন্দোনেশিয়া

২. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?
ⓚ সৈয়দ নজরুল ইসলাম
ⓚ তাজউদ্দিন আহমদ
ⓖ এম. মনসুর আলী
ⓖ এ.এইচ এম কামারুজ্জামান

৩. ★ সাংস্কৃতিক উন্নয়নের অংশ—
i. প্রযুক্তির বিকাশ
ii. জ্ঞান, বিশ্বাস
iii. দৃষ্টিভঙ্গি, চিন্তা-চেতনা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও:**
'A' দেশের ২০১৬ সালে ২০ কোটি জনসংখ্যা ছিল। জনগণের মাথাপিছু আয় ছিল ৫০০ মার্কিন ডলার।

৪. ২০১৬ সালে 'A' দেশটির মোট জাতীয় আয় কত মার্কিন ডলার ছিল?
ⓚ ১,০০০ ⓚ ৫,০০০
ⓖ ১০,০০০ ⓖ ২০,০০০

৫. উক্ত দেশটির মোট জাতীয় আয়ের সাথে সম্পর্কিত বিষয়গুলো হল—
i. মাথাপিছু আয় বৃদ্ধি
ii. দারিদ্র্য দূরীকরণ
iii. কর্মসংস্থান স্থির
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৬. ★ 'কীর্তন গান' কোন বিষয়টি নিয়ে রচিত?
ⓚ শ্রীকৃষ্ণ ও রাধার কাহিনী
ⓚ পারস্যের কল্পকাহিনী
ⓖ আধুনিক বাংলা সাহিত্য
ⓖ পদ্মাবতীর কাহিনী

৭. বাংলাদেশের জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের উপায় হল—
i. কৃষিভিত্তিক শিক্ষা ii. প্রযুক্তিগত উন্নয়ন
iii. জনগণের স্বাস্থ্যসেবা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৮. 'ক' ব্যক্তি মুক্তিযুদ্ধের সময় মেহেরপুর এলাকায় যুদ্ধ করেছেন। 'ক' ব্যক্তি মুক্তিযুদ্ধের কোন সেক্টরে যুদ্ধ করেছেন?
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৬ ⓖ ৮

৯. বাংলাদেশে মাদকাসক্তি প্রতিরোধে কোনটি প্রয়োজন?
ⓚ পিতা-মাতার দায়িত্বহীনতা
ⓚ সামাজিক সচেতনতা বৃদ্ধি
ⓖ অশোভন চলচ্চিত্রের প্রচার
ⓖ অপসংস্কৃতির প্রভাব

১০. ★ সামাজিকীকরণের সর্বাপেক্ষা শক্তিশালী বাহন কোনটি?
ⓚ শিক্ষা প্রতিষ্ঠান ⓚ খেলার সাথি
ⓖ স্থানীয় সমাজ ⓖ পরিবার

১১. ২০১০ সালে বাংলাদেশ জাতিসংঘ পুরস্কার লাভ করেছে কোন ক্ষেত্রে?
ⓚ নারীর ক্ষমতায়নে
ⓚ জনসংখ্যা নিয়ন্ত্রণে
ⓖ নারীর অপুষ্টি রোধে
ⓖ শিশুমৃত্যু হ্রাসে

১২. জাপানে কিশোর অপরাধের বয়সসীমা কত বছর?
ⓚ ৭-১৬ ⓚ ৭-১৮
ⓖ ১৩-১৭ ⓖ ১৪-২০

১৩. ★ বাংলাদেশের কোন শিল্পে অধিক লোক কর্মরত আছে?
ⓚ কাগজ ⓚ পোশাক
ⓖ চিনি ⓖ সার

**উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর সরকার 'A' দেশটিতে সবচেয়ে বেশি মিশন স্থাপন করে মুক্তিযুদ্ধের প্রচারণা চালায়।

Teachingbd24.com

https://teachingbd24.com

১৪. উদ্দীপকের 'A' দেশ কোনটি?
ক) ভারত
খ) যুক্তরাজ্য
গ) মার্কিন যুক্তরাষ্ট্র
ঘ) সোভিয়েত ইউনিয়ন

১৫. বাংলাদেশের মুক্তিযুদ্ধে 'A' চিহ্নিত দেশের ভূমিকা কোনটি?
ক) জাতিসংঘে ভেটো ক্ষমতা প্রয়োগ করা
খ) সপ্তম নৌবহর প্রেরণের সুব্যবস্থা
গ) বিদেশি নাগরিকদের সহানুভূতি পাওয়া
ঘ) "বাংলাদেশ কনসার্ট" আয়োজন করা

১৬. ★ 'থাদি' কোন নৃগোষ্ঠীর মেয়েদের পোশাক?
ক) চাকমা
খ) মারমা
গ) গারো
ঘ) রাখাইন

১৭. ★ মাদকাসক্তির প্রথম সূত্রপাত ঘটে কীভাবে?
ক) মাদকাসক্ত সঙ্গীর সাথে মিশলে
খ) পিতা-মাতার মধ্যে কলহ থাকলে
গ) প্রিয়জনের মৃত্যু ঘটলে
ঘ) চিত্তবিনোদনের অভাবে

১৮. 'দ্বৈত শাসন' প্রবর্তন করেন কে?
ক) ওয়ারেন হেস্টিংস
খ) লর্ড কর্নওয়ালিস
গ) রবার্ট ক্লাইভ
ঘ) লর্ড ওয়েলেসলি

১৯. বাংলাদেশ সরকারের নির্বাহী ক্ষমতা কার উপর ন্যস্ত থাকে?
ক) প্রধান বিচারপতি
খ) রাষ্ট্রপতি
গ) প্রধানমন্ত্রী
ঘ) স্পিকার

২০. বিশ্বব্যাংকের হিসাব মতে, বিশ্বের সর্বোচ্চ রেমিটেন্স প্রাপ্ত দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১২তম ছিল কোন সালে?
ক) ২০০৮
খ) ২০০৯
গ) ২০১০
ঘ) ২০১২

২১. বাংলাদেশে প্রথম গ্যাসভিত্তিক সার কারখানা প্রতিষ্ঠিত হয় কোথায়?
ক) চন্দ্রঘোনা
খ) ফেঞ্চুগঞ্জ
গ) পঞ্চগড়
ঘ) ছাতক

২২. কোন আন্তর্জাতিক সংস্থাটি বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষায় কাজ করছে?
ক) FAO
খ) UNDP
গ) UNESCO
ঘ) UNFPA

২৩. কোন প্রত্ন নিদর্শনটি বাংলাদেশের উত্তরাঞ্চলে অবস্থিত?
ক) সরদার বাড়ি
খ) তাজহাট জমিদার বাড়ি
গ) বালিয়াটির জমিদার বাড়ি
ঘ) হাসিময় সেনের বাড়ি

ছকটি পড় এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও:

| জঙ্গনামা | লাইলি-মজনু | ইউসুফ-জুলেখা | চণ্ডীমঙ্গল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

২৪. ছকের কোন ক্রমিকের সাহিত্য শিল্পটির ধারা ভিন্ন প্রকৃতির?
ক) ১
খ) ২
গ) ৩
ঘ) ৪

২৫. ছকে উল্লিখিত একই ধারার সাহিত্য শিল্পগুলোর বৈশিষ্ট্য হলো—
i. পারস্যের কাহিনী নিয়ে রচিত
ii. দেব-দেবীর কাহিনী নিয়ে লেখা
iii. এগুলোতে রোমান্টিকতা রয়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

২৬. 'WHO' এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক) রোম
খ) নিউইয়র্ক
গ) জেনেভা
ঘ) প্যারিস

২৭. গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে কোন গ্যাসটির পরিমাণ সবচেয়ে বেশি বেড়েছে?
ক) মিথেন
খ) হ্যালন
গ) নাইট্রাস অক্সাইড
ঘ) কার্বন-ডাই-অক্সাইড

২৮. বর্তমানে কোন রাষ্ট্রটিতে নিয়মতান্ত্রিক রাজতন্ত্র চালু আছে?
ক) যুক্তরাষ্ট্র
খ) ভারত
গ) গ্রেট ব্রিটেন
ঘ) বাংলাদেশ

২৯. কোন নৃগোষ্ঠীর ধর্মীয় বিশ্বাস ভিন্ন প্রকৃতির?
ক) সাঁওতাল
খ) রাখাইন
গ) মারমা
ঘ) চাকমা

৩০. মুসলিমলীগ কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক) ১৮৫৭
খ) ১৯০৩
গ) ১৯০৫
ঘ) ১৯০৬

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

teachingbd24.com

https://teachingbd24.com